

উপকরণ ও সরবরাহ ইউনিট

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট জনসংখ্যা সেট্রের কর্মসূচী বাস্তবায়নের জন্য নিয়মিত জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী, ঔষধ কেন্দ্রীয় এবং এমএসআর(যন্ত্রপাতি) ক্রয়/সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করে। ক্রয়/সংগ্রহকৃত এ'সকল জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী ও ঔষধ কেন্দ্রীয় পণ্যাগার মহাখালী ঢাকা এবং দেশের ২০টি আঞ্চলিক পণ্যাগার এর মাধ্যমে যথাসময়ে মাঠপর্যায়ে সরবরাহ করা হয়।

সেবা গ্রহীতাদের কাছে সঠিক সময়ে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী পৌছে দেয়ার ওপর পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য তথা প্রজনন স্বাস্থ্য সেবার সফলতা একান্তভাবে নির্ভরশীল। সে লক্ষ্যে IDA এবং GOB অর্থায়নে ২০১৪-২০১৫ অর্থ বছরে উপকরণ ও সরবরাহ ইউনিটের মাধ্যমে ক্রয়/সংগ্রহকৃত গুরুত্বপূর্ণ জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর তালিকা নিম্নরূপঃ

জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীঃ

১।	ইনজেকটেবল	৫ মিলিয়ন ভায়াল
২।	ওরাল পিল	৭৮ মিলিয়ন চক্র
৩।	ইমপ্ল্যান্ট (১ রড)	৫ লক্ষ পিস
৪।	কনডম	৫০ মিলিয়ন
৫।	ডিডিএস কিটস	৮ লক্ষ বক্স
৬।	অটো ডেস্ট্রাক্ট সিরিঝ	১৫ মিলিয়ন

এছাড়া অর্থ ইউনিট, সিসিএসডিপি ইউনিট ও এমসিআর এইচ ইউনিটের ঔষধ, এম.এস.আর ও অন্যান্য আনুসার্বিক দ্রব্যাদি ক্রয় পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে।

উপকরণ ও সরবরাহ ইউনিটের দ্রব্য সামগ্রী বিতরণ এবং রিপোর্টিং ব্যবস্থাকে ডিজিটাল করা হয়েছে। ক্রয়/সংগ্রহ ও সরবরাহ অবস্থা ট্রাকিং করার জন্য Supply Chain Information Portal নামে একটি ওয়েব বেইজ সফটওয়্যার স্থাপন করা হয়েছে। এই Portal এর মাধ্যমে জাতীয় এবং উপজেলা সমূহের মজুদ অবস্থা ও ক্রয়/সংগ্রহ কার্যক্রমের চলমান অগ্রগতি বিষয়ে জানা যায়। এভাবে ক্রয়/সংগ্রহ ও বিতরণ ব্যবস্থাকে নিয়মিত মনিটরিং করে ‘কন্ট্রাসেপ্টিভ সিকিউরিটি’ নিশ্চিত করা হচ্ছে।